

১৩

তারিখ ... 11 DEC 1989 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...



আরিফ হত্যার প্রতিবাদে রোববার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির মৌন মিছিল

ঢাকা জাতিশিক্ষক সমিতির আবেদন ক্যাম্পাস সন্ত্রাসমুক্ত রাখার উদ্যোগ নিন

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)
ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ক্যাম্পাসকে সন্ত্রাসমুক্ত করার লক্ষ্যে আন্তরিক উদ্যোগ গ্রহণের জন্য সরকার বিশ্ববিদ্যালয় প্রশাসন রাজনৈতিক নেতৃবৃন্দ ও ছাত্র সংগঠনগুলির প্রতি আবেদন জানিয়েছে।

গতকাল বিকলে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে শিক্ষক সমিতির নেতৃবৃন্দ এ দাবী জানান। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সাধারণ সম্পাদক ডঃ এম এ মামুন। সাংবাদিক সম্মেলনে বলা হয়

বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কর্মচারীরা এক নিরাপত্তাহীনতায় ভুগছে। বিশ্ববিদ্যালয়ে আগুণও সন্ত্রাস হয়েছে। কিন্তু আরিফের মত নিরীহ মেধাবী ছাত্রের মৃত্যু সবার পিঠে দেয়ালে ঠেকিয়ে দেবে পঃ ৮-এর কঃ দঃ

উদ্যোগ নিন

(প্রথম পঃ পর)
দিয়েছে। অবিলম্বে সন্ত্রাসের বিরুদ্ধে ব্যাপক ব্যবস্থা গ্রহণ করা না হলে আরো আরিফের প্রাণনাশের আশংকা রয়েছে।